

**EMBASSY OF THE UNITED STATES OF AMERICA**

**PUBLIC AFFAIRS SECTION**

TEL: 880-2-8855500-22

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov)

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



**U.S. EMBASSY-DHAKA STATEMENT**

**DHAKA, DECEMBER 3 --** As the end of the mandate for the current government fast approaches, we believe that it is now more urgent than ever for both major parties to empower trusted lieutenants to undertake constructive dialogue to find a way forward to hold free and fair elections that are credible in the eyes of the Bangladeshi people. We believe that with goodwill, the two parties can still find a way to provide the free, fair and credible elections that the Bangladeshi people want and deserve.

As Assistant Secretary Biswal made clear during her visit to Bangladesh, violence is not part of the democratic process, is not acceptable and must stop immediately. The senseless violence of past days is especially reprehensible as it intentionally targeted innocent people with bombs and by burning them alive in vehicles.

We believe all parties should have space to freely and peacefully express their views. The government bears responsibility to provide such space; the opposition parties bear responsibility to use such space in a peaceful manner.

=====

# EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

## PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-8855500-22

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov)

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



## ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাসের বিবৃতি

ঢাকা, ৩রা ডিসেম্বর – বর্তমান সরকারের নির্বাচনী মেয়াদ যখন শেষ হওয়ার দিকে দ্রুত এগিয়ে যাচ্ছে সে সময় প্রধান দুই দলের জন্যই এটা এখন আরো জরুরী হয়ে পড়েছে যে তারা যেন নির্ভরযোগ্য প্রতিনিধিদের দায়িত্ব প্রদান করে যাতে করে তারা গঠনমূলক সংলাপে অংশগ্রহণ করে বাংলাদেশী জনগণের কাছে গ্রহণযোগ্য হবে এমন অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের পথ বের করতে পারে। আমাদের বিশ্বাস যে সদিচ্ছার মাধ্যমে দুই দলই অবাধ, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য নির্বাচন সম্পাদনের পথ খুঁজে বের করতে সক্ষম হবে। এটাই বাংলাদেশের মানুষের চাওয়া ও প্রাপ্য।

সহকারী সচিব বিসওয়াল যেমনটি তার বাংলাদেশ সফরকালে পরিষ্কার করে বলেছিলেন যে সহিংসতা গণতান্ত্রিক প্রক্রিয়ার অংশ নয়, এটা অগ্রহণযোগ্য এবং অবিলম্বে সহিংসতা বন্ধ করতে হবে। বিগত কয়েকদিনের অযৌক্তিক সহিংস ঘটনাবলী বিশেষভাবে নিন্দনীয় কারণ এই সব বোমা হামলা বা যানবাহনে আগুন দিয়ে জীবন্ত পোড়ানোর মধ্য দিয়ে নির্দোষ মানুষকে ইচ্ছাকৃতভাবে এই সকল সহিংসতার লক্ষ্যে পরিণত করা হচ্ছে।

আমরা বিশ্বাস করি সকল দলেরই অবাধে ও শান্তিপূর্ণভাবে নিজের মতামত প্রকাশের সুযোগ থাকতে হবে। এই সুযোগ প্রদান করা সরকারের দায়িত্ব এবং বিরোধীদলের দায়িত্ব হলো শান্তিপূর্ণভাবে এই সুযোগের ব্যবহার করা।

=====